গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৮৪ তারিখ : ১৩-০৫-২০২৫ খ্রিস্টাব্দ

## জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

রাজস্ব খাতভুক্ত সকল ধরণের বৃত্তি (পিএসসি, জেএসসি, এসএসসি, এইচএসসি ও অনার্স) ও উপবৃত্তির (পেশামূলক ও তফসিলী) অর্থ EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের তফসিলভুক্ত অনলাইন ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য বৃত্তির MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান (সকল মাধ্যমিক বিদ্যালয়, সাধারণ কলেজ, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং কলেজ, বুয়েট ও পাবলিক/সাধারণ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ধরণের প্রতিষ্ঠান) হতে এন্ট্রি/সংশোধন করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা মাউশি'র ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোড করা হয়। ফলে বর্ণিত বিষয়ে কোন তথ্য মাউশি হতে প্রতিষ্ঠান/অভিভাবক/শিক্ষার্থী হতে চাওয়া হয় না।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ড, বিভিন্ন সরকারি অফিস ও বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে বিভিন্ন কারণ দেখিয়ে প্রতারক চক্র শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষার্থী/ অভিভাবকের কাছ থেকে অর্থ, প্রতিষ্ঠানের User ID ও Password, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য এবং ডেবিট/ক্রেডিট কার্ডের Password/PIN Number/OTP চাচ্ছে। **উল্লেখ্য, বৃত্তির অর্থ প্রেরণের জন্য এ সংক্রান্ত কোন তথ্য চাওয়া হয় না বিধায় যেকোন ধরনের আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য, ডেবিট/ক্রেডিট কার্ডের Number/Password/ PIN Number/OTP কারো সাথে শেয়ার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।**

**এছাড়া, প্রতিষ্ঠানের User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।**

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান)
মহাপরিচালক

**চলমান পাতা - ২**

E:\05. Scholarship (Main Files)\Scholarship Drafts\2025-05-12 প্রতারকচক্র থেকে সাবধানতা সংক্রান্ত পত্র.doc

স্মারক নং : চক/এড/২০২৫/ ৮১৪ তারিখ : ০৯/১১/২০২৫

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হল :

১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
২। সকল সম্মানিত বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৩। সম্মানিত কোঅর্ডিনেটর ও কাউন্সেলরবৃন্দ, উচ্চ মাধ্যমিক একাদশ ও দ্বাদশ শ্রেণি শাখা, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম। বিষয়টি শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৪। অফিস নথি।

09/11/25

**(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)**
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

09/11/25